# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Website: www.dinajpureducationboard.gov.bd email: dinajpureducationboard@gmail.com

স্মারক নং-৩৭.১৫.০০০০.০০১.৪১.০০১.০৯. ৪২৮                                                                 তারিখ ঃ ১৮/০৬/২০২৫

**বিষয় ঃ ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত মূল্যায়ণকৃত উত্তরপত্র বিক্রয়ের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

**সূত্র ঃ অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখার প্রেরিত পত্র স্মারক নং-মাউশিবোদি/পনি/পরীঃ/২০২৫/১৪৩(০২), তারিখঃ ১৪/০৪/২০২৫ খ্রি.**

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নিকট রক্ষিত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী ১৪/০৪/২০২৫ তারিখের পর উত্তরপত্র সংরক্ষণের মেয়াদকাল ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ায় তা শিক্ষা বোর্ডে ফেরত না দিয়ে বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রধান পরীক্ষক হিসেবে বরাদ্দপ্রাপ্ত মূল্যায়নকৃত উত্তরপত্রের পারিশ্রমিক বিল থেকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট কর্তন করে তাঁর সম্মানী/পারিশ্রমিক বিল প্রদান করা হবে। এমতাবস্থায়, তাঁর নিকট রক্ষিত উত্তরপত্র শিক্ষা বোর্ডে ফেরত দেয়ার প্রয়োজন নেই এবং তা তিনি বিক্রি করে দিতে পারবেন।

মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক, তা বাস্তবায়নের লক্ষ্যে পরীক্ষার উত্তরপত্র বিক্রির পত্র জারির পর ১৫ (পনের) দিনের মধ্যে **প্রচলিত বাজার দরে** সংশ্লিষ্ট প্রধান পরীক্ষগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ক্রয় করার জন্য **প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে** অবহিত করা হলো। উক্ত সময়-সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত বাজার দরে তা বিক্রয় করতে পারবেন।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
২০২৪ সালের এইচএসসি পরীক্ষার
সকল প্রধান পরীক্ষক।

১৮/৬/২০২৫

প্রফেসর নূর মোঃ আব্দুর রাজ্জাক
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
টেলিফোন-০২৫৮৮৮১৭৬৯২

*সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ*

১৮/০৬/২৫

১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
২. উপ-সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৩. হিসাব রক্ষণ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯, সলিমুল্লাহ্ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। (অত্র শিক্ষা বোর্ডের অধীন প্রধান পরীক্ষকগণের সাথে যোগাযোগের অনুরোধসহ)
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৬. ওয়েব সাইট কপি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।।
৭. অফিস কপি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর